

ফরম 'ক'

(অনুচ্ছেদ ২২ (৩) দ্রষ্টব্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মূল্য ও বাজার তথ্য দপ্তর

১৯৮১ সনের অত্যাৱশ্যক পণ্য নিয়ন্ত্রণ আদেশের বিধান মোতাবেক তফসিলভুক্ত

পণ্য ক্রয়-বিক্রয় বা গুদামজাত করার

লাইসেন্স

(পাইকারী এবং খুচরা)

১. লাইসেন্স নং..... তারিখঃ.....
- (ক) তফসিলভুক্ত পণ্যের নামঃ.....
- (খ) পাইকারীঃ.....
- (গ) খুচরাঃ.....
২. এলাকাঃ.....
৩. লাইসেন্সধারীর নামসহ পিতা/স্বামীর নামঃ.....
৪. যে স্থানে ব্যবসা পরিচালনা করা হয় সে স্থানের ঠিকানাঃ.....
৫. যে গুদামে বা অন্য ঘর-বাড়িতে তফসিলভুক্ত পণ্য গুদামজাত করা হইয়াছে উহার ঠিকানাঃ.....
৬.সনের ৩০শে জুন এই লাইসেন্সের মেয়াদ শেষ হইবে।

প্রদানকারীর কর্মকর্তার সীলমোহর
তারিখঃ.....

.....
ডেপুটি কমিশনারের স্বাক্ষর

১.
২.

লাইসেন্সের শর্তাবলী

১. যদি লাইসেন্সধারী তাহার লাইসেন্স পূর্বে উল্লেখিত স্থান, ঘর-বাড়ি অথবা গুদাম ব্যতীত অন্য কোন স্থান, ঘর-বাড়ি অথবা গুদামে তফসিলভুক্ত পণ্য গুদামজাত করিতে চান, তাহা হইলে তিনি মূল্য ও বাজার তথ্য দপ্তরের পরিচালককে উক্ত স্থান, ঘর-বাড়ি বা গুদামের ঠিকানা অবহিত করিবেন এবং পরিচালকের অনুমোদন না পাওয়া পর্যন্ত তফসিলভুক্ত পণ্য উক্ত স্থান, ঘর-বাড়ি বা গুদামে রাখিবেন না।
২. লাইসেন্সধারী তফসিলভুক্ত পণ্য গুদামে জাতকরণের জন্য যে কোন দোকান, গুদাম বা অন্য কোন স্থান ব্যবহার করেন উহাতে তাহার মজুত পণ্য ও উহার হিসাব পরিদর্শনের জন্য মূল্য ও বাজার তথ্য দপ্তরের পরিচালককে অথবা তৎকর্তৃক এতদসম্পর্কে লিখিতভাবে ক্ষমতা প্রদত্ত যে কোন ব্যক্তিকে সকল সুযোগ-সুবিধা প্রদান করিবেন।

(পাতা-২)

৩. লাইসেন্সধারী পূর্বেক্ত আদেশ মোতাবেক পরিচালক কর্তৃক প্রদত্ত নির্দেশ পালন করিতে বাধ্য থাকিবেন।

৪. লাইসেন্সধারী (পাইকারী বা খুচরা বিক্রেতা) তাহার নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা, লেন-দেনের তারিখ, বিক্রয়কৃত পণ্যের পরিমাণ, বিক্রয় মূল্যের হার উল্লেখ করিয়া বিক্রেতার স্বাক্ষর সমেত প্রত্যেক ক্রেতাকে সঠিক বিক্রয় স্মারক বা ক্ষেত্র বিশেষ জমা-পত্র প্রদান করিবেন এবং পরিচালক তৎকর্তৃক এতদসম্পর্কে লিখিতভাবে ক্ষমতা প্রদত্ত কর্মকর্তা কর্তৃক পরীক্ষার জন্য অনুরূপ বিক্রয়-স্মারক ও জমা পত্রের কার্বন প্রতিলিপি, ক্রমিক ও কালানুক্রমিকভাবে সজ্জিত আকারে সংরক্ষণ করিবেন এবং উক্ত বিক্রয়-স্মারক ও জমাপত্রের প্রতিলিপি প্রদানের তারিখ হইতে এক বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবেন।

৫. যদি লাইসেন্সধারী ১৯৮১ সনের অত্যাশ্যক পণ্য নিয়ন্ত্রণ আদেশের কোন বিধান লংঘন করেন অথবা তাহাকে যে সকল শর্তে লাইসেন্স প্রদান করা হইয়াছে সেই সকল শর্তের কোন শর্ত লংঘন করেন তবে তাহার বিলুপ্তি অন্য যে ব্যবস্থা করা যায় তাহা ছাড়াও ডেপুটি কমিশনার তাহার লাইসেন্স বাতিল করিয়া দিতে পারেন।